পিএলও’র মহাসচিবের মৃত্যুতে ফিলিস্তিনে দিনে দিনের শোক

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছেন প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশনের (পিএলও) মহাসচিব সায়েব এরাকাত (৬৫)। তার মৃত্যুতে তিন দিনের শোক ঘোষণা করেছে ফিলিস্তিন।

মঙ্গলবার জেরুজালেমের হাদাসসাহ এইন কেরেম নামে একটি ইসরায়েলি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় প্রবীণ এ রাজনীতিবিদ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

গত ৮ অক্টোবর তার করোনা ধরা পড়ে। এরপর থেকে তার অবস্থা খারাপ হতে থাকে। পরে তাকে গত ১৮ অক্টোবর হাসপাতালে ভর্তি করা হয়। তার মৃত্যুতে ফিলিস্তিনে তিন দিনের শোক ঘোষণা করা হয়েছে।

ফিলিস্তিনের প্রেসিডেন্ট আব্বাস বলেন , আমাদের প্রিয় ভাই এবং বন্ধু , মহান যোদ্ধা ড . সায়েব এরাকাতের মৃত্যু ফিলিস্তিন ও আমাদের জনগণের জন্য বড় ক্ষতি।

তিনি পিএলওর মহাসচিবের পাশাপাশি ফিলিস্তিনের অত্যন্ত শক্তিশালী রাজনৈতিক গোষ্ঠী ফাতাহর সদস্য ছিলেন। ইসরায়েলের সঙ্গে সংঘাতে দ্বি -রাষ্ট্রভিত্তিক সমাধানের শক্তিশালী সমর্থক ও অধিকৃত ভূখণ্ডে অবৈধ বসতি স্থাপনের ঘোরবিরোধী ও সমালোচক ছিলেন পিএলওর এ মহাসচিব।

২০১৪ সালে ভেস্তে যাওয়া যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইসরায়েল - ফিলিস্তিনের শান্তি আলোচনায় প্রধান সমঝোতাকারীর ভূমিকা পালন করেন তিনি।

কত সম্পদের মালিক বাইডেন ?

যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন ডেমোক্র্যাট দলীয় প্রার্থী জো বাইডেন। শনিবার পেনসিলভেনিয়ার ফল ঘোষণার পরে

স্পষ্ট হয়ে গিয়েছে, আমেরিকায় ট্রাম্প পর্বের অবসান ঘটতে চলেছে। স্বাভাবিকভাবেই বাইডেনের সম্পদ নিয়ে জল্পনা-কল্পনাও শুরু হয়ে গেছে। তবে কারো কারো কাছে জো বাইডেন ‘মিডল ক্লাস জো’ নামে পরিচিত।

প্রেসিডেন্ট নির্বাচনের সময় নির্বাচন কমিশনে জমা দেওয়া হলফনামা অনুযায়ী, ২০১৬, ২০১৭ এবং ২০১৮ সালের স্টেট এবং ফেডারেল আয়কর রিটার্নের যে হিসাব দেওয়া হয়েছে তার বরাত দিয়ে ফোর্বস গত বছর এক প্রতিবেদনে জানায়, বাইডেনের মোট সম্পত্তির পরিমাণ ৯০ লাখ ডলার (৭৬ কোটি ২৩ লাখের বেশি টাকা)।

১৯৭৩ সাল থেকে ২০০৯ সাল পর্যন্ত সিনেটর ছিলেন বাইডেন। সিনেটের হিস্টোরিক্যাল রেকর্ড বলছে, এই সময়ের মধ্যে বাইডেনের বেতন ৪২ হাজার ৫০০ ডলার থেকে প্রতি বছর ১ লাখ ৭৪ হাজার ডলার পর্যন্ত হয়েছে।

বাইডেন তখন উপহাস করে বলতেন, আমি কংগ্রেসের সবচেয়ে গরীব মানুষ। ২০০৯ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত ভাইস প্রেসিডেন্ট ছিলেন জো বাইডেন। তখন এক ধাক্কায় তার বেতন ৩০ শতাংশ বেড়ে যায়। প্রতি বছরে সেই বেতন দাঁড়ায় প্রায় ২ লাখ ৩০ হাজার ডলারে।

২০১৯ সালে বাইডেন জানিয়েছিলেন, ২০১৭ এবং ২০১৮ সালে তার এবং স্ত্রী জিল বাইডেনের সম্পত্তির পরিমাণ ছিল ১ কোটি ৫ লাখ ডলার। সূত্র: টাউন অ্যান্ড কাউন্টি

প্রথমবারের মতো মাস্ক পরে জনসমক্ষে রানি এলিজাবেথ

ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথকে প্রথমবারের মতো মাস্ক পরিহিত অবস্থায় জনসমক্ষে দেখা গেছে। লন্ডনে চলতি সপ্তাহের শুরু কালো রঙের মাস্ক পরে তিনি একটি শোক অনুষ্ঠানে যোগ দেন।

প্রথম বিশ্বযুদ্ধে প্রাণ হারানো ব্রিটিশ যোদ্ধাদের প্রতি ১১

নভেম্বর আনুষ্ঠানিকভাবে শ্রদ্ধা জানানো হবে। ওই কর্মসূচি সামনে রেখেই ওয়েস্টমিনস্টার অ্যাবেতে সমাহিত নাম না জানা এক যোদ্ধার প্রতি শ্রদ্ধা জানান ৯৪ বছরের রানি।

১০০ বছর আগে ফ্রান্স থেকে ওই সৈন্যের মরদেহ ব্রিটেনে নিয়ে আসা হয়। পরে তাকে ওয়েস্টমিনস্টার অ্যাবেতে সমাহিত করা হেয়েছিল।

রানী দ্বিতীয় এলিজাবেথের মা নিজের বিয়ের সময় হাতে থাকা ফুল দিয়ে এ সমাধিতে শ্রদ্ধা জানিয়েছিলেন। পরে এটি ঐতিহ্যে পরিণত হয়। এরপর রাজপরিবারের ডায়না , বিয়েত্রিচসহ যত জনের বিয়ে হয়েছে সবার হাতে ধরা ফুলের তোড়া দিয়ে শ্রদ্ধা জানানো হয়েছে এ সমাধিতে।

গরুপাচার ; দিল্লিতে মূলহোতা এনামুল হক সিবিআইয়ের হাতে গ্রেফতার

বাংলাদেশ -ভারত সীমান্ত দিয়ে গরুপাচারের মূলহোতা ভারতীয় নাগরিক এনামুল হককে দিল্লিতে গ্রেফতার করেছে সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশন (সিবিআই)। দীর্ঘদিন যাবৎ সীমান্ত এলাকায় গরু পাচার করে আসছিলেন তিনি। খবর আনন্দবাজারের।

এনামুল হক নামের ওই ব্যবসায়ী মুর্শিদাবাদের বাসিন্দা ও বাংলাদেশ গরুপাচার সিন্ডিকেটের ‘মূলহোতা’ এমন অভিযোগের ভিত্তিতে তাকে গ্রেফতার করা হয়। এর আগেও ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) এক কর্মকর্তাকে ঘুষ দেয়ার মামলায় তাকে গ্রেফতার করা হয়েছিল।

জানা গেছে , ঘুষ মামলায় গ্রেফতার বিএসএফ কমান্ড্যান্ট জিবু ডি ম্যাথিউয়ের আয়ের সঙ্গে অসঙ্গতিপূর্ণ অর্থের উৎস খুঁজতে গিয়ে এনামুল হক এবং তার গরু পাচার সিন্ডিকেটের কথা জানতে পারে সিবিআই। আন্তর্জাতিক সীমান্ত পার করে বাংলাদেশে গবাদি পশু পাচারে সহায়তার বিনিময়ে এনামুলের সিন্ডিকেটের কাছ থেকে বিপুল অঙ্কের টাকা পেয়েছিলেন জিবু।

তাকে জেরা করেই সিবিআইয়ের গোয়েন্দারা জানতে পারেন , জিবু ছাড়াও মালদহ এবং মুর্শিদাবাদে কর্মরত একাধিক বিএসএফ কর্মকর্তা এবং বিএসএফ-এর দক্ষিণ বঙ্গ ফ্রন্টিয়ারের একাধিক শীর্ষ কর্মকর্তা এনামুলের পাচার সিন্ডিকেটের কাছ থেকে বিপুল পরিমাণ অর্থ পেয়ে থাকেন।

সেই সূত্র ধরেই গত সেপ্টেম্বর মাসে সিবিআই কলকাতা শাখা কার্যালয়ে গবাদি পশু পাচার বিষয়ে আলাদা একটি মামলা করে তদন্ত শুরু করে। তল্লাশি চালানো হয় সতীশ কুমার নামে এক বিএসএফ কর্মকর্তার কলকাতার বাড়িতে।

মামলাটিতে সতীশ ছাড়াও অভিযুক্ত করা হয়েছে এনামুল হক , সতীশের ছেলে এবং এনামুলের কয়েকজন সহযোগীর বিরুদ্ধে। সতীশের বাড়ির পাশাপাশি ওই দিন এনামুলের বাড়িতেও তল্লাশি চালায় সিবিআই।

এনামুলকে দিল্লির বিশেষ সিবিআই আদালতে সোপর্দ করে ট্রানজিট রিমান্ডে কলকাতায় নিয়ে আসা হবে।

ভয়াবহ ভূমিধ্বসে মধ্য আমেরিকায় ১০০ জন নিহত

নিম্নচাপ ইটার প্রভাবে মধ্য আমেরিকায় এক দশকের মধ্যে ভয়াবহ ঘূর্ণিঝড় হয়েছে। এতে কমপক্ষে ১০০ লোক নিহত হয়েছে। আর ঘূর্ণিঝড়ের প্রভাবে ভূমিধ্বসের পাশাপাশি ভেসে গেছে বহু ঘরবাড়ি। ফলে গৃহহীন হয়ে পড়েছেন হাজারও মানুষ। খবর রয়টার্স।

গুয়েতেমালার প্রেসিডেন্ট আলেজান্দ্রো গিয়াম্মাত্তেয়ি শুক্রবার জানিয়েছেন , এই ঝড়ের প্রভাবে সৃষ্ট ভূমিধস ও বন্যায় দেশটির কুয়েজা গ্রামে অন্তত ১০০ মানুষের মৃত্যু হয়েছে। ধ্বংস হয়েছে দেড় শতাধিক ঘরবাড়ি।

এই দুর্যোগ অবর্ণনীয় দুর্দশা ডেকে এনেছে দেশটির মানুষের জীবনযাত্রায়। ছবিতে দেখা গেছে , তলিয়ে যাওয়া ঘরবাড়ি ছেড়ে অবশিষ্ট

সম্বলটুকু নিয়ে অন্যত্র পাড়ি জমাচ্ছে মানুষ।

দ্বিতীয় মেয়াদে শপথ নিলেন নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জাসিন্ডা

টানা দ্বিতীয়বার সরকার গঠন করলেন নিউজিল্যান্ডের জনপ্রিয় প্রধানমন্ত্রী জাসিন্ডা আরডার্ন। শুক্রবার শপথ নিয়েছেন তিনি। জাসিন্ডার পাশাপাশি এ দিন শপথ নেন তার নতুন মন্ত্রিসভার অন্য সদস্যরাও। রাজধানী ওয়েলিংটনের গভর্নমেন্ট হাউসে এই শপথ নেয়ার আয়োজন করা হয়।

শপথ অনুষ্ঠানে নিউজিল্যান্ড প্রধানমন্ত্রী জাসিন্ডা আরডার্ন বলেন, নতুন মন্ত্রিসভাকে স্মরণ করিয়ে দিয়েছি , অনেক বড় দায়িত্ব নিয়ে আমাদের কাজ করে যেতে হবে। অনেক চ্যালেঞ্জিং পরিস্থিতি আসবে তা একত্রে আমাদের মোকাবেলা করতে হবে।

মন্ত্রিসভা গঠনের আগেই জাসিন্ডা জানিয়েছিলেন অবিশ্বাস্যরকম বৈচিত্র্যময় মন্ত্রিসভা গঠন করবেন তিনি। নারী , আদিবাসী ও সমকামী নিয়ে গঠিত হয়েছে তার কেবিনেট। জাসিন্ডার নতুন মন্ত্রিসভায় উপপ্রধানমন্ত্রীর দায়িত্ব দেয়া হয়েছে সমকামী গ্র্যান্ট রবার্টসনকে। আর পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব দেয়া হয়েছে মাওরি সম্প্রদায়ের নানাইয়া মাহুতাকে।

করোনার বিরুদ্ধে লড়াইয়ে সাফল্যের পরে নিউজিল্যান্ডের গত মাসের সাধারণ নির্বাচনে বিপুল ভোটে জয়ী হন জাসিন্ডা আরডার্ন।

চীনকে ঠেকাতে একজোট যুক্তরাষ্ট্র-ভারতসহ চার দেশ

চীনের প্রভাব ঠেকাতে ভারতের সঙ্গে মালাবার নৌ মহড়ায় অংশ নিয়েছে যুক্তরাষ্ট্র, জাপান ও অস্ট্রেলিয়া। প্রথম ধাপের এ সামরিক নৌ মহড়াটি ভারতীয় উপকূলীয় অঞ্চলে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। দুই ধাপে অনুষ্ঠিতব্য মালাবার নৌ মহড়া ৬ নভেম্বর পর্যন্ত চলবে বলে জানা গেছে।

এ মহড়ায় যোগ দেবে মার্কিন নৌবাহিনীর ক্ষেপণাস্ত্র বিধ্বংসী যুদ্ধ জাহাজ ইউএসএস জন এস ম্যাককেইন, অস্ট্রেলিয়ার এইচএমএএস বালারাতসহ এমএইচ-৬০ হেলিকপ্টার এবং জাপানের জেএমএসডিএফ'র ওনামি (ডেস্ট্রয়ার)।

সম্প্রতি চার দেশের পররাষ্ট্রমন্ত্রীরা বৈঠকে বসেছেন টোকিওতে। চার দেশের জোটের নাম কোয়াড্রিল্যাটেরাল সিকিউরিটি ডায়ালগ বা কোয়াড। মুখে না বললেও মূলত চীনের প্রভাবের মোকাবিলা করার জন্যই একজোট হয়েছে ভারত, জাপান, অস্ট্রেলিয়া এবং আমেরিকা।

চীন যেভাবে ক্ষমতা দেখানোর চেষ্টা করছে ও আঞ্চলিক প্রভাব বাড়াবার চেষ্টা করছে, তা ঠেকানোর জন্যই চার দেশের পররাষ্ট্রমন্ত্রী বৈঠক করছেন টোকিওয়। করোনাকালে ভার্চুয়াল বৈঠক না করে তারা যে একসঙ্গে বসে আলোচনা করলেন, তার থেকেই পরিষ্কার বিষয়টিকে তারা কতটা গুরুত্ব দিচ্ছেন।

ভারত ও প্রশান্ত মহাসাগরে নৌ চলাচল 'অবাধ ও স্বাধীন' রাখার উপায় খোঁজার যুক্তি দেখিয়ে ২০০৭ সালে যুক্তরাষ্ট্র, জাপান, অস্ট্রেলিয়া ও ভারতের মধ্যে 'কোয়াড' নামে সংলাপের সূচনা হয়েছিল। দশ বছর পর 'কোয়াড সংলাপ' ২০১৭ সাল থেকে নতুন করে জীবন ফিরে পায়।

এই মহড়াটি এমন সময় অনুষ্ঠিত হচ্ছে যখন চীন ও অস্ট্রেলিয়া কূটনৈতিক বিরোধ চলছে। এছাড়া যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য নিয়ে বিরোধ রয়েছে চীনের। সেই সঙ্গে ভারতের সঙ্গে সীমান্ত নিয়েও দ্বন্দ্ব চলছে চীনের।

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট কে হচ্ছেন তা গুরুত্বপূর্ণ নয়: রুহানি

ইরানের প্রেসিডেন্ট ড. হাসান রুহানি বলেছেন, কে প্রেসিডেন্ট হচ্ছেন মার্কিন যুক্তরাষ্ট্রে আর কী ঘটছে এটি তেহরানের কাছে গুরুত্বপূর্ণ বিষয় নয়। অবশ্যই আন্তর্জাতিক আইন ও নীতিমালার প্রতি শ্রদ্ধাশীল হতে হবে মার্কিন যুক্তরাষ্ট্রকে। বুধবার তেহরানে মন্ত্রিপরিষদের বৈঠকে রুহানি এ কথা বলেন।

রুহানি আরও বলেন, যুক্তরাষ্ট্রকে নিষেধাজ্ঞার পরিবর্তে সম্মান, হুমকির পরিবর্তে শ্রদ্ধা এবং আইন লঙ্ঘনের পরিবর্তে প্রতিশ্রুতি বাস্তবায়নের পথ অনুসরণ করতে হবে। উত্তর এবং উত্তর-পশ্চিম সীমান্তে তাকফিরি সন্ত্রাসীদের উপস্থিতি মেনে নেয়া হবে না।

এ বিষয়টি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। কূটনৈতিক ও বেসামরিক পন্থায় কারাবাখ সংকটের সমাধান করতে আঞ্চলিক দেশগুলোর প্রতি আহ্বান জানান ইরানের প্রেসিডেন্ট।

কে হবে আমেরিকার প্রেসিডেন্ট?

আমরা জয়ের পথে রয়েছি বলে বিশ্বাস করি। সব ভোট গণনা শেষ না হওয়া পর্যন্ত এখন আমাদের ধৈর্য ধরে অপেক্ষা করতে হবে – এমন মন্তব্য করেছেন ডেমোক্র্যাটিক প্রেসিডেন্ট প্রার্থী জো বাইডেন।

তিনি আরো বলেন, সকাল নাগাদ পুরো ফলাফল চলে আসতে পারে। তবে কে বিজয়ী হবে এটা বলার দায়িত্ব আমার বা ট্রাম্পের নয়। এটা একমাত্র আমেরিকার জনগণের সিদ্ধান্ত।

এদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের দামামা ছড়িয়ে পড়েছে পুরো বিশ্বে। সবার চোখে এখন যুক্তরাষ্ট্রের দিকে। এর মধ্যে ইলেক্টোরাল ভোটে ট্রাম্পের চেয়ে বেশ এগিয়ে জো বাইডেন। যদিও ইতিমধ্যে গুরুত্বপূর্ণ অঙ্গরাজ্য ফ্লোরিডা এবং ওহাইও জিতে নিয়েছেন ট্রাম্প।

মার্কিন গণমাধ্যম বলছে, ক্যালিফোর্নিয়া, ওরেগন এবং ওয়াশিংটনে জো বাইডেন জয় ছিনিয়ে নিয়েছে ট্রাম্পের কাছ থেকে। ৪৬তম প্রেসিডেন্ট হতে হলে ২৭০টি ইলেক্টোরাল ভোটে জিতেই হবে। এখন পর্যন্ত ইলেক্টোরাল ভোটের প্রাপ্ত ফল অনুযায়ী বাইডেন পেয়েছেন ২৩৮ আর প্রতিদ্বন্দ্বী ট্রাম্প পেয়েছেন ২১৩টি ভোট।

ফলাফল অনুযায়ী, ক্যালিফোর্নিয়া, ওরেগন, ডিস্ট্রিক্ট অব কলম্বিয়া, কলোরাডো, ডেলাওয়ারে,ম্যারিল্যান্ড, ম্যাচাচুসেটস, নিউ জার্সি, নিউ ইয়র্ক, ওয়াশিংটন ডিসি, নিউ মেক্সিকো, নিউ হ্যাম্পশায়ার, রোডে আইল্যান্ডে, কানেক্টিকাট, ইলিনয়েস, মেরিল্যান্ড, মিনেসোটা, হাওয়াই, ট্রাম্পকে পেছনে ফেলে এগিয়ে আছেন বাইডেন।

অন্যদিকে, দেশটির বর্তমান প্রেসিডেন্ট ও রিপাবলিকান দলীয় প্রার্থী ডোনাল্ড ট্রাম্প বিজয়ী হয়েছেন- ইন্ডিয়ানা, কেন্টাকি, ওকলাহোমা, টেনেসি, ওয়েস্ট ভার্জিনিয়া, আরাকানসাস, সাউথ ডাকোটা, নর্থ ডাকোটা, আলাবামা, সাউথ ক্যারোলাইনা, লুইজিয়ানা, নেব্রাসা এবং নেব্রাসার থার্ড ডিসট্রিক্ট, উটাহ, মিসৌরি, কানসাস, ওয়াইওমিং এবং মিসিসিপি।

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার জন্য একজন প্রার্থীর ৫০টি রাজ্য ও ওয়াশিংটন ডিসি মিলে মোট ২৭০টি ইলেকটোরাল কলেজ ভোটের দরকার। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট সাধারণত জাতীয় ভোটের মাধ্যমে নির্বাচিত হন না। এদিকে, মার্কিন সংসদের সিনেটের ১০০ জন, প্রতিনিধি পরিষদের ৪৩৫ এবং সাংবিধানিক ক্ষমতাবলে ওয়াশিংটন ডিসির তিনজন প্রতিনিধিসহ দেশটিতে মোট ইলেক্টোরাল কলেজ প্রতিনিধির সংখ্যা ৫৩৮।

ভোট গণনা শেষ হওয়ার আগেই নিজেকে জয়ী দাবি করেছেন যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট ও রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। এর পাশাপাশি ভোট গণনায় কারচুপির অভিযোগ তুলে সুপ্রিম কোর্টে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন তিনি। এর পরিপ্রেক্ষিতে ট্রাম্পের

প্রতিদ্বন্দ্বী জো বাইডেনের ডেমোক্রেট দলের পক্ষ থেকে জানানো হয়েছে, ট্রাম্প আদালতে গেলে তারাও আইনজীবীদের একটি দল প্রস্তুত রেখেছে।

গতকাল বুধবার স্থানীয় সময় মধ্যরাতে হোয়াইট হাউসের ইস্ট রুমে দেওয়া ভাষণে ট্রাম্প বলেন, ‘আমরা সুপ্রিম কোর্টে যাবো। আমরা ভোট গণনার কার্যক্রম এই মুহূর্তে বন্ধ চাই। যুক্তরাষ্ট্রের জন্য এটি খুবই দুঃখজনক একটি মুহূর্ত।’

তবে জো বাইডেন তার সমর্থকদের ধৈর্য ধরার আহ্বান জানিয়ে বলেছেন, ‘ট্রাম্প বা আমি নিজেকে জয়ী ঘোষণার কেউ নই। এটা আমেরিকার জনগণের সিদ্ধান্ত।’

নিউইয়র্ক টাইমসের তথ্য অনুযায়ী, এখনো আটটি অঙ্গরাজ্যের ফল বাকি রয়েছে। এগুলোতে হাড্ডাহাড্ডি লড়াই চলছে দুই প্রতিদ্বন্দ্বীর। এর মধ্যে পেনসিলভানিয়া অঙ্গরাজ্যের ফল পেতে শুক্রবার পর্যন্ত অপেক্ষা করতে হতে পারে বলে জানিয়েছেন নির্বাচন সংশ্লিষ্টরা।

এই অঙ্গরাজ্যে ২০ টি ইলেকটোরাল কলেজ ভোট রয়েছে। ৭৫ শতাংশ ভোট গণনা পর্যন্ত এখানে প্রায় ছয় লাখ ভোটের ব্যবধানে এগিয়ে আছেন ট্রাম্প। অন্য যে অঙ্গরাজ্যগুলোর ফলের জন্য অপেক্ষা করতে হবে, সেগুলো হলো নেভাদা, অ্যারিজোনা, আলাস্কা, উইসকনসিন, মিশিগান, জর্জিয়া ও নর্থ ক্যারোলাইনা।

চূড়ান্ত ফল পেতে কতদিন লাগবে?

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে দুই প্রার্থীর মধ্যে হাড্ডাহাড্ডি লড়াই চলছে। দেশটির পরবর্তী প্রেসিডেন্ট কে হবেন? এই প্রশ্নের উত্তর এখনো মেলেনি। এখন পর্যন্ত ৭টি অঙ্গরাজ্যের ইলেক্টোরাল কলেজ ভোট গণনা বাকি আছে। ওই রাজ্যগুলোর দিকে তাকিয়ে আছে বিশ্ব।

বিবিসির বিশ্লেষণে বলা হয়েছে, হয়তো কয়েকদিনেও ভোটের ফল জানা যাবে না। সম্ভাব্য কারণ হিসেবে বলা হচ্ছে, পোস্টাল ভোট নিয়ে

লড়াই চলছে মিশিগান, উইসকনসিন ও পেনসিলভানিয়ায়। এসব ভোটের গণনা এখনো সম্পন্ন হয়নি।

এদিকে ট্রাম্প ইতোমধ্যেই সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ করার হুমকি দিয়েছেন। এর মানে হলো এর নিষ্পত্তি হতে সময় লাগতে পারে কয়েক সপ্তাহ। ট্রাম্পের অনিশ্চয়তা থেকে সহিংসতার আশঙ্কা - অনিশ্চয়তার দিকে যাচ্ছে এটি নিশ্চিত। যদিও অনেক আমেরিকান তাদের উদ্বেগের কথা বলছেন তারপরেও বড় ধরনের কোনো সহিংসতার দিকে যাবে কিনা পরিস্থিতি তা বলার মতো যথেষ্ট সময় এখনো আসেনি।

এখন পর্যন্ত যেসব অঙ্গরাজ্যের ইলেক্টোরল কলেজ ফলের অপেক্ষা সেগুলো হল, আলাস্কা (৩), নেভাদা (৬), উইসকনসিন (১০), মিশিগান (১৬), পেনসিলভানিয়া (২০), নর্থ ক্যারোলিয়া (১৫) ও জর্জিয়া (১৬)। এসব অঙ্গরাজ্যের ভোটেই দেশটিতে প্রেসিডেন্ট নির্বাচিত হবেন।

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হতে হলে ২৭০টি ইলেক্ট্রোরাল ভোট পেতে হবে। সংবাদ সংস্থা এপির তথ্য অনুযায়ী, ৫০টি অঙ্গরাজ্যের মধ্যে এখন পর্যন্ত ৪৩টি রাজ্যের তথ্য পাওয়া যাচ্ছে। তাতে ২৩৮টি ইলেক্টোরাল কলেজ ভোট পেতে যাচ্ছেন জো বাইডেন অপরদিকে ডোনাল্ড ট্রাম্প পেতে যাচ্ছেন ২১৩টি ভোট।

সূত্র -যুগান্তর